27 JAN 2016

দৈনিক ইত্তেফাক

# প্রাথমিক শিক্ষকদের অপরিকল্পিত প্রশিক্ষণ

মো. রেদোয়ান হোসেন



দেশজুড়ে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের অপরিকল্পিত প্রশিক্ষণের নেতিবাচক প্রভাব পড়ে কোমলমতি শিক্ষার্থীদের ওপর। বিদ্যালয়গুলোর অধিকাংশ শিক্ষক দীর্ঘদিন ধরে প্রশিক্ষণ কেন্দ্রে অবস্থান করায় স্থবির হয়ে পড়েছে প্রাথমিক শিক্ষাব্যবস্থা। শিক্ষক না থাকায় অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থী উপস্থিতির ওপর বিরূপ প্রভাব পড়ছে।

সরকারি প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে (পিটিআই) বছরজুড়েই চলে বিভিন্ন ধরনের শিক্ষক প্রশিক্ষণ। শিক্ষকের দক্ষতা বৃদ্ধির জন্য বছরব্যাপী ডিপ্লোমা-ইন-প্রাইমারি এডুকেশন প্রশিক্ষণ। আছে ১২ দিন ধরে আইসিটি বা ইনফরমেশন অব কম্পিউটার টেকনোলজি বিষয়ক ট্রেনিং। তাছাড়া বিষয়ভিত্তিক আরো নানা ধরনের প্রশিক্ষণ তো আছেই।

আপাত দৃষ্টিতে এটা ইতিবাচক দিক হলেও শুধু পরিকল্পনাহীন প্রশিক্ষণের জন্য এর নেতিবাচক প্রভাব পড়েছে বিদ্যালয়গুলোতে। প্রশিক্ষণের ফলে পাঠদানের ক্ষেত্রে শিক্ষকদের দক্ষতা বৃদ্ধি পায়। ফলে শিক্ষকদের এসব প্রশিক্ষণ শিক্ষার্থীদের জ্ঞান বিকাশে সহায়ক ভূমিকা পালন করতে পারে।

প্রশিক্ষণে অংশগ্রহণ করার কারণে বিদ্যালয়গুলোতে দেখা গেছে শিক্ষাকার্যক্রমের বেহাল দশা। এসব বিদ্যালয়ে শিক্ষক স্বল্পতার কারণে ২/১ জন শিক্ষকের পক্ষে সম্ভব হচ্ছে না পাঠদান। কোথাও মাত্র ১ জন, কোথাও বা ২ জন শিক্ষককে দিয়ে সকল শ্রেণির শিক্ষার্থীদের একত্রে জড়ো করে চলছে পাঠদান। শিক্ষকের অভাবে কোথাও একজন শিক্ষকই নিচ্ছেন ইসলাম ও হিন্দু ধর্মের ক্লাস.

এই অপরিকল্পিত প্রশিক্ষণের কারণে প্রাথমিক শিক্ষাব্যবস্থা যে কতোটা ক্ষতিগ্রস্ত হচ্ছে তা চোখে না দেখলে বিশ্বাস করা যায় না। অনেক সময় ক্লাসে স্যাররা ট্রেনিংয়ে থাকার ফলে ক্লাস না হওয়ায় ছাত্ররা স্কুলে এসে খেলাধুলা করে বাড়ি যাচ্ছে। লেখাপড়া না হওয়ায় অনেকে স্কুলে আসা বন্ধ করে দিয়েছে। এতদিন ধরে শিক্ষকরা ট্রেনিংয়ে থাকায় বাচ্চাদের লেখাপড়ায় মন বসছে না, বাড়িতেও তারা খেলাধুলা আর দুষ্টুমি করে দিন কাটাচ্ছে। এভাবে চলতে থাকলে শিক্ষার্থীদের লেখাপড়ার ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়বে।

তাই সময় এসেছে প্রশিক্ষণ কেন্দ্রের অন্যান্য প্রশিক্ষণার্থী দিয়ে বিকল্প উপায়ে বিদ্যালয়গুলোতে পাঠদানের ব্যবস্থা নিয়ে ভাববার। পাশাপাশি ছুটির সময় স্বল্পমেয়াদি প্রশিক্ষণের আয়োজন করার ব্যাপারে উদ্যোগ নেওয়ার।

বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, টাঙ্গাইল